আমি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সঙ্গে এক রাতে সালাত পড়েছি। তিনি এত দীর্ঘ সময় দাঁড়িয়ে রইলেন যে, শেষ পর্যন্ত আমি একটা মন্দ কাজের ইচ্ছা করেছিলাম। ইবন মাসঊদ রাদিয়াল্লাহু ‘আনহুকে জিজ্ঞেস করা হলো, ‘সে ইচ্ছাটা কি করেছিলেন?’ তিনি বললেন, ‘আমার ইচ্ছা হয়েছিল যে, তাঁকে ছেড়ে দিয়ে বসে পড়ব।

ইবন মাসঊদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, ‘আমি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সঙ্গে এক রাতে সালাত পড়েছি। তিনি এত দীর্ঘ সময় দাঁড়িয়ে রইলেন যে, শেষ পর্যন্ত আমি একটা মন্দ কাজের ইচ্ছা করেছিলাম।’ ইবন মাসঊদ রাদিয়াল্লাহু ‘আনহুকে
জিজ্ঞেস করা হলো, ‘সে ইচ্ছাটা কি করেছিলেন?’ তিনি বললেন, ‘আমার ইচ্ছা হয়েছিল যে,
তাঁকে ছেড়ে দিয়ে বসে পড়ব।’
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ইবন মাসঊদ রাদিয়াল্লাহু ‘আনহু একরাত নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সঙ্গে সালাত আদায় করলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দীর্ঘ সময় দাঁড়িয়ে রইলেন (এটি ছিল রাসূলের অভ্যাস) ফলে তার জন্য দীর্ঘ সময় দাঁড়িয়ে থাকা কষ্টকর হলো। তাই সে এমন একটা কাজের ইচ্ছা করল যা করা কোনো মানুষকে আনন্দ দেয় না। ইবন মাসঊদ রাদিয়াল্লাহু ‘আনহুকে জিজ্ঞেস করা হলো, ‘আপনি কি কাজ করার ইচ্ছা করেছিলেন?’ তিনি বললেন, ‘ইচ্ছা করেছি আমি তাকে দাঁড়ানো রেখে বসে পড়ব; কারণ তার অনেক কষ্ট হচ্ছিল।

http://sunnah.global/hadeeth/bn/show/4226